গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
www.debendracollege.gov.bd

স্মারক নং- সদেক/২০২২/হিসাব/এন-১/২৭ তারিখ: ২৩/০২/২০২৩

২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত/ অনিয়মিত/ কৃতকার্য/ অকৃতকার্য/ মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম **অদ্য ২৩/০২/২০২৩ দুপুর ২:০০ টা থেকে ০৭/০৩/২০২৩ তারিখ বিকেল ৪:০০ টা** পর্যন্ত অনলাইনে সম্পন্ন হবে।

ফিসের তালিকা:
(নিয়মিত/ অনিয়মিত/ প্রাইভেট)

নিয়মিত (বিএ/ বিএসএস/ বিবিএস/ বিএসসি)	অনিয়মিত (বিএ/বিএসএস/ বিবিএস/ বিএসসি)	প্রাইভেট (নিয়মিত)	প্রাইভেট (অনিয়মিত)	সার্টিফিকেট কোর্স (নিয়মিত)	সার্টিফিকেট কোর্স (অনিয়মিত)
১৩০৫/-	১৬০৫/-	১৫০৫/-	১৮০৫/-	১০০৫/-	১৩০৫/-

গ্রেড উন্নয়ন/ অকৃতকার্য (১-৬পত্র)

১ পত্র	২ পত্র	৩ পত্র	৪ পত্র	৫ পত্র	৬ পত্র
৯০৫/-	১০০৫/-	১১০৫/-	১২০৫/-	১৩০৫/-	১৪০৫/-
Conditional Promoted – এর ক্ষেত্রে উপরিউক্ত টাকার সাথে আরও ১০০০/-(এক হাজার টাকা মাত্র) যোগ হবে।					

ফি নির্ধারণের বিকল্প পদ্ধতি: ফরমে যে টাকা থাকবে তার সাথে যোগ করতে হবে-

ক) সকল বিষয় (নিয়মিত)-৫০৫/-

খ) সকল বিষয় (অনিয়মিত)-৮০৫/-

গ) প্রাইভেট/ সিসি (নিয়মিত)-৭০৫/-

ঘ) প্রাইভেট/ সিসি (অনিয়মিত)-১০০৫/-

ঙ) মানোন্নয়ন/ গ্রেড-উন্নয়ন-৮০৫/-

অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ও শর্তসমূহ:

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/degree-pass থেকে ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

২। ডাউনলোডকৃত ফরম প্রিন্ট নেয়ার পর **নিয়মিত** পরীক্ষার্থীরা বিকাশ/ নগদ এর মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিবে। পরীক্ষার ফিসে টাকার অংকে গড়মিল থাকলে দ্রুত **আইসিটি সেল** এ (কক্ষ নং ১০৭, সোনালী ব্যাংকের কালেকশন বুথ) যোগাযোগ করে টাকার অংক ঠিক করে নিয়ে বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।

৩। অনিয়মিত(সকল বিষয়) , প্রাইভেট (মানোন্নয়ন) ও সার্টিফিকেট কোর্স (সকল বিষয় ও মানোন্নয়ন) পরীক্ষার্থীরা আগামী ২৬/০২/২০২৩ থেকে ২৮/০২/২০২৩ তারিখের মধ্যে তাদের ডাউনলোডকৃত ফরম **আইসিটি সেল** এ (কক্ষ নং ১০৭, সোনালী ব্যাংকের কালেকশন বুথ) জমা দিয়ে টাকার অংক নির্ধারণ করে নিয়ে আগামী ০৬/০৩/২০২৩ ও ০৭/০৩/২০২৩ তারিখ বিকাশ/নগদের মাধ্যমে ফি পরিশোধ করে ফরম পূরণ সম্পন্ন করবে।

৪। গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১-৬ পত্র) পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত ফরম প্রিন্ট নেয়ার পর **debendracollege.eshiksabd.com** এ গিয়ে **Log in to EMS** এ User Name: **debendrastudent**, Password: **debendrastudent** দিয়ে **Log In** করে **Improvement Form fill-up** বাটনে ক্লিক করে **ক্লাশ রোলের ঘরে ১১ ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর** বসিয়ে পাশে থাকা বাটনে ক্লিক করলে শিক্ষার্থীর তথ্যসহ একটি ফরম চলে আসবে। এখানে **Subject Count** এব ঘরে ডাউনলোডকৃত ফরমে উল্লিখিত **Subject /Subject** গুলো সিলেক্ট করে পাশে থাকা **Add Subject** বাটনে ক্লিক করে বিকাশ/নগদের অ্যাপস থেকে মানোন্নয়নের ফরম পূরণের টাকা পরিশোধ

করে ফরমটির প্রিন্ট নিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ ফরমটি **কমিটির নিকট** জমা দিয়ে ফরম পূরণের কাজ সম্পন্ন করবে। **(মানোন্নয়ন ফরম পূরণের User Manual কলেজ ওয়েবসাইটে দেয়া আছে।)**

৫। **C - Promoted** (Conditional Promoted) ফরম পূরণের ক্ষেত্রে **Conditional Promotion Charge** এর ঘরে **Yes** সিলেক্ট করে ফরম পূরণ করতে হবে।

মোবাইলের মাধ্যমে বিকাশ/নগদ-এ ফরমপূরণের ফি জমাদানের পদ্ধতি:

বিকাশ/ নগদ অ্যাপ এ গিয়ে **Pay Bill** সিলেক্ট করে **Education** সিলেক্ট করতে হবে। অত:পর **Govt Debendra College** সিলেক্ট করলে **Bill Period** ও **Enter Student ID** আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর তাদের **রেজিস্ট্রেশন নম্বর** দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

অনলাইনে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্নের পর শিক্ষার্থীদের করণীয়:

১। শিক্ষার্থীরা বিকাশ/নগদ-এ ফরম পূরণ বাবদ ফি প্রদানের পর জমা রসিদের প্রিন্ট নিয়ে অথবা মোবাইল থেকে অ্যাপের মাধ্যমে ফি প্রদান করে **debendracollege.eshiksabd.com** এ গিয়ে **Log in to EMS** এ User Name: **debendrastudent**, Password: **debendrastudent** দিয়ে **Log In** করে **Receipts Print** বাটনে ক্লিক করে **Student Fee Payment Reciepts** এর ঘরে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে **Show Payment List** এ ক্লিক করলে টাকা জমার রসিদ প্রদর্শিত হবে। উক্ত রসিদ প্রিন্ট নিতে হবে।

২। সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ক্লাস রোল নম্বর উল্লেখ পূর্বক নিম্নোক্ত কাগজপত্রসহ ডাউনলোডকৃত ফরম নিম্নোক্ত তারিখ মোতাবেক **কলেজের লাইব্রেরিতে কমিটির নিকট** থেকে যাচাই করে নিয়ে **কলেজের হিসাব** শাখায় জমা দিবে।

বিষয়	পরীক্ষার্থীর ধরণ	ডাউনলোডকৃত ফরম জমাদানের তারিখ ও সময়
বি এ/ বি এস সি	নিয়মিত ও মানোন্নয়ন	**২৬/০২/২০২৩ ও ২৭/০২/২০২৩** **সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত**
বি বি এস/ বি এস এস	নিয়মিত ও মানোন্নয়ন	**২৮/০২/২০২৩ ও ০১/০৩/২০২৩** **সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত**
বি এ/ বি এস সি/বি বি এস/ বি এস এস	অনিয়মিত (সকল বিষয়)	**০২/০৩/২০২৩ ও ০৫/০৩/২০২৩** **সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত**
বি এ/ বি এস সি/বি বি এস/ বি এস এস	প্রাইভেট/সিসি ও মানোন্নয়ন	**০৬/০৩/২০২৩ ও ০৭/০৩/২০২৩** **সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত**

প্রয়োজনীয় কাগজপত্র:

ক) নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি – ০২ টি।

খ) ছাড়পত্রের ক্ষেত্রে অনুমতির কপি।

গ) ফি জমাদানের রসিদের (মূল কপিতে নাম, ক্লাশ রোল, সেশন ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে)মূলকপি জমা দিতে হবে। ফটোকপি সংরক্ষণ করতে হবে।

[বিশেষ দ্রষ্টব্য: নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণে ব্যর্থ হলে বা ফরম পূরণের পর প্রয়োজনীয় কাগজপত্রসহ পূরণকৃত ফরম হিসাব শাখায় জমা দিয়ে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন না করলে কলেজ কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।]

প্রতিস্বাক্ষর:

23/2/2023

(প্রফেসর ড. মো: রেজাউল করিম)
আইডি নং- ২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

23.02.23

(কাউসার ইবনে আসাদ)
সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ
ও
আহবায়ক
২০২১ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণ কমিটি
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।